

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮৪.৪৯.০০৩.২০.৬

তারিখ: ২৫ পৌষ ১৪২৯

০৯ জানুয়ারি ২০২৩

বিষয়: **খাদ্য অধিদপ্তরের জন্য Customized Standard Tender Document (STD) অনুসরণে শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার নিয়োগ সংক্রান্ত**  
সূত্র: ১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর ১১/০৮/২০২২ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-২)-৮৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন বিভিন্ন এলএসডি/সিএসডি/সাইলো/ফ্লাওয়ারমিল/ওয়্যারহাউজ/ঘাট এর শ্রম ও হ্যান্ডলিং কার্যক্রমের জন্য স্ট্যান্ডার্ড শ্রমিক মজুরি ও ঠিকাদার কমিশন অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১১/০৮/২০২২ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-২)-৮৯ নং স্মারকে নির্ধারণ করা হয়। এ কার্যক্রমটিতে CPTU প্রণয়নকৃত দরপত্র দলিল Standard Tender Document for Procurement of Non-Consulting Services (PSN) অনুসরণপূর্বক ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য খাদ্য মন্ত্রণালয় হতে ১৮/০৯/২০২২ খ্রি. তারিখের ৭৫ নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক গঠিত কমিটি CPTU প্রণয়নকৃত দরপত্র দলিল Standard Tender Document for Procurement of Non-Consulting Services (PSN) অনুসরণে এলএসডি/সিএসডির জন্য ১টি, ওয়্যারহাউজসহ সাইলোসমূহের জন্য ১টি, ফ্লাওয়ার মিলের জন্য ১টি এবং ঘাটসমূহের জন্য ১টি অর্থাৎ পৃথকভাবে ৪টি Standard Tender Document (STD) প্রস্তুত করে। উক্ত ৪টি STD মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

এমতাবস্থায়, খাদ্য অধিদপ্তরাধীন এলএসডি, সিএসডি, ময়দামিল ও ওয়্যারহাউজসহ সাইলোসমূহে শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার নিয়োগের লক্ষ্যে Customized Standard Tender Document (STD) অনুসরণে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল; সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক; চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা এবং ওয়্যারহাউজসহ সাইলো সমূহে উক্ত Standard Tender Document (STD) এর সফট কপি (পিডিএফ) স্ব স্ব দপ্তরের ই-মেইলে প্রেরণ করা হলো। এছাড়া বর্ণিত ৪টি STD খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে।

এক্রমে, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড শ্রমিক মজুরি ও ঠিকাদার কমিশন এবং খাদ্য অধিদপ্তরের জন্য Customized Standard Tender Document (STD) অনুসরণে অতিসত্ত্বর দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করে শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদার নিয়োগের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

৯-১-২০২৩

মোঃ জামাল হোসেন

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০৬৯৬

ফ্যাক্স: +৮৮-০২-৪১০৫০৬৯৪

ইমেইল: dmss@dgfood.gov.bd

বিতরণ :

- ১) প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৩) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ৪) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮৪.৪৯.০০৩.২০.৬/১(৫২)

তারিখ: ২৫ পৌষ ১৪২৯

০৯ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৩) পরিচালক(সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে সবসময় সংরক্ষণের অনুরোধসহ)
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৬) অফিস কপি

৯-১-২০২৩

মোঃ জামাল হোসেন

পরিচালক (চলতি দায়িত্ব)